

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম

মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯

Email: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd



স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২২. ২১৮০

তারিখঃ ১৪ জুলাই, ২০২২খ্রি.
৩০ আষাঢ়, ১৪২৯

বিষয়ঃ- ছাতা ও ব্যাগ সরবরাহের দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।


চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় কর্মচারীদের ছাতা ও ব্যাগ সরবরাহের লক্ষ্যে বাংলাদেশি প্রকৃত বিক্রেতা/ প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	বিবরণ	পরিমাণ	একক দর (টাকা)	মোট দর (টাকা)	দরপত্র গ্রহণ ও খোলার সময়	
					গ্রহণ	খোলা
০১	ছাতাঃ (শংকর) সাইজঃ ইউভি, টু ফোল্ডিং, ওয়াটার পুফ, উন্নতমানের কাপড়ের তৈরি, রং- কলো/নেভি ব্লু, (নমুনা মত)।	১১৯টি				
০২	ব্যাগঃ (রেক্সিন) সাইজঃ ১৬ ইঞ্চি x ১২ ইঞ্চি, ভিতরে ২ পার্ট, সাইডে ০১টি ফুল পকেট, সামনে ০১টি হাফ পকেট, উন্নতমানের ওয়াটার পুফ রেক্সিন কাপড় ও মোটা উন্নত মানের জিপার দিয়ে তৈরি এবং চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর মনোগ্রাম ও ঠিকানাযুক্ত (নমুনা মত)।	১০২টি			২১/০৭/২০২২খ্রি. তারিখ ১২:০০ ঘটিকা পর্যন্ত	২১/০৭/২০২২খ্রি. তারিখ ১২:০৫ ঘটিকা
মোট =						

শর্তাবলীঃ-


- ০১। নির্ধারিত সময়ের মধ্যে সীলমোহরকৃত দরপত্র (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বাঞ্জে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। খামের উপর “ছাতা ও ব্যাগ সরবরাহের দরপত্র” কথাটি উল্লেখ করতে হবে।
- ০৩। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, আয়কর সনদ ও ব্যাংক সলভেন্সি সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৪। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম বা বেশি করার ক্ষমতা পবিস কর্তৃক সংরক্ষিত। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে উন্নতমানের মালামাল সরবরাহ করতে হবে।
- ০৫। সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে বর্ণিত মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। মালামালের গুণগত মান সন্তোষজনক এবং নমুনা মোতাবেক না হলে কোন অবস্থাতেই উক্ত মালামাল গ্রহণ করা হবে না।
- ০৬। সন্তোষজনক মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে Account Payee Cheque এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে, তবে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

- ০৭। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ০৮। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে বহল প্রচারের সদয় অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, চট্টগ্রাম।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সীতাকুন্ড/মীরসরাই/হাটহাজারী, চট্টগ্রাম।
- ০৮। ডিজিএম (সদর-কারিগরি)/মীরসরাই জোনাল অফিস।
- ০৯। এজিএম (অর্থ/ওএন্ডএম)।
- ১০। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২) (ওয়েবসাইট ও বাপবিবোতে প্রেরণ নিশ্চিত করে প্রমাণক সংরক্ষণ করবেন)।
- ১১। নোটিশ বোর্ড/অফিস কপি।


(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার